

জাবি ক্যাম্পাসে বহিরাগত প্রবেশ নিষিদ্ধ, জাকসু নির্বাচনের প্রস্তুতি জোরদার

অনলাইন ডেক্স

প্রকাশিত: ০১:০৬, ৩ মে ২০২৫; আপডেট: ০১:০৭, ৩ মে ২০২৫



ফাইল ছবি



দীর্ঘ ৩২ বছর পর অনুষ্ঠিত হতে যাওয়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও আবাসিক হল সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আগামী ৩ মে (শনিবার) থেকে
পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ
ঘোষণা করেছে প্রশাসন।



শুক্রবার (২ মে) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ মহিউদ্দিন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়।



বিজ্ঞপ্তিতে বলা হয়, জাকসু ও হল সংসদ নির্বাচনের তফসিল ইতোমধ্যে ঘোষণা করা হয়েছে। নির্বাচনকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থা সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করে ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের ক্যাম্পাসে চলাচলের সময় নিজ নিজ পরিচয়পত্র সঙ্গে রাখার অনুরোধ জানানো হয়েছে।

এর আগে, গত ৩০ এপ্রিল রাত সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনে জাকসু নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান। ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ৩১ জুলাই বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

নির্বাচনের খবরে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ ও প্রস্তুতি দেখা যাচ্ছে। দীর্ঘদিন পর এ নির্বাচনকে ঘিরে ক্যাম্পাসে নতুন প্রাণচাঞ্চল্য সৃষ্টি হয়েছে।